

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নথি নং- ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.৫০৬

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
০৬ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ


বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ অনুযায়ী বৃদ্ধিপ্রাপ্ত পদে নিয়োগ দানের জন্য মন্ত্রণালয় হতে পৃথক আদেশ দানের বিষয়ে গত ১৪.১১.২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ অনুযায়ী বৃদ্ধিপ্রাপ্ত পদে নিয়োগ দানের জন্য মন্ত্রণালয় হতে পৃথক আদেশ দানের বিষয়ে গত ১৪.১১.২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী মাননীয় শিক্ষা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে।

২.০ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

১. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ এর আলোকে নতুন বৃদ্ধিপ্রাপ্ত পদের মধ্যে কোন পদে কোন বছরে নিয়োগদানের অনুমতি প্রদান করা যুক্তিসংগত হবে তা নির্ধারণপূর্বক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর প্রতিবেদন প্রেরণ করবে;
২. এবং উক্ত পদে জনবল নিয়োগের লক্ষ্যে কত টাকা প্রয়োজন হবে তা নির্ধারণ পূর্বক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এ বিভাগে প্রতিবেদন প্রেরণ করবে।

৩.০ এমতাবস্থায়, সভার সিদ্ধান্তের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(আনোয়ারুল হক)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে:

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪. অতিরিক্ত সচিব (বেসরকারি মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।

